যুগান্তর

তারিখ 13 JUL 2017
১৬ কলাম ২

### অবসর ও কল্যাণ ট্রাস্ট খাত

# বাড়তি চাঁদা প্রত্যাহার দাবিতে শিক্ষকদের বিক্ষোভ

**যুগান্তর রিপোর্ট**

অবসর ও কল্যাণ ট্রাস্ট খাতে বাড়তি চাঁদা আরোপের প্রতিবাদে বুধবার ঢাকাসহ সারা দেশে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষকরা। কেন্দ্রীয় কর্মসূচি দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত হয়।

এতে নেতৃত্ব দেন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতারা। তাদের নেতৃত্বে শিক্ষক-কর্মচারীরা প্রেস ক্লাবের সামনে থেকে মিছিল বের করেন। এটি শিক্ষাভবন এলাকা ঘুরে পুনরায় প্রেস ক্লাবের সামনে এসে শেষ হয়।

পরে সমাবেশে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি আবু বকর সিদ্দিক। অন্যদের মধ্যে শিক্ষক নেতা ড. নূর মোহাম্মদ তালুকদার, অধ্যক্ষ মো. আবুল কাশেম, রঞ্জিত কুমার সাহা, এমএ বারী, অধ্যক্ষ মো. বজলুর রহমান মিয়া, আলী আসগর হাওলাদার প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশ থেকে দাবি মেনে নেয়া না হলে সারা দেশের অবিরাম ধর্মঘট ও আমরণ অনশনের মতো কঠোর কর্মসূচি দেয়ার হুশিয়ারিও দিয়েছেন শিক্ষক নেতারা।

উল্লেখ্য, অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্ট থেকে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের আর্থিক সুবিধা দেয়া হয়। এর জন্য উভয় খাতে আগে তাদের বেতন থেকে ৬ শতাংশ কেটে রাখা হত। গত জুনে ১০ শতাংশ হারে চাঁদা নেয়ার নতুন সিদ্ধান্তের প্রজ্ঞাপন জারি করা হয়। এতে ক্ষুব্ধ হন তারা।

**স্বাশিপ :** স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) হাজারীবাগ থানা শাখার উদ্যোগে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবিতে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বুধবার বিকালে স্যালেহা স্কুল অ্যান্ড কলেজের ওই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ নজরুল ইসলাম।

এতে প্রধান অতিথির বক্তৃতা করেন পরিষদের সাধারণ সম্পাদক ও শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব অধ্যক্ষ শাহজাহান আলম সাজু। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাশিপ কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক সাইদুর রহমান পান্না, কোষাধ্যক্ষ অধ্যক্ষ সলিম উল্লাহ সেলিম, কামরাঙ্গীচর থানা শাখার সাধারণ সম্পাদক আবদুল গফুর, লালবাগ থানা শাখার সাধারণ সম্পাদক অধ্যক্ষ শহিদুল্লাহ, কাঞ্চন আলী সিকদার, শাহাবুদ্দিন আহমেদ, মো. সাইফুল ইসলাম, আফরোজ সুলতানা, জাকির হোসেন প্রমুখ।